

💵 নবী-রাসূলগণের দা'ওয়াতী মূলনীতি

বিভাগ/অধ্যায়ঃ ৮। নবী-রাসূলগণের দা'ওয়াতী মূলনীতি (أصول من دعوة الأنبياء والرسل) রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ ইবনে ইবরাহীম আত-তুওয়াইজিরী

كا । দা'ওয়াত দানে অটল থাকা এবং যারা মুখ ফিরিয়ে নিয়েছে, তাদের দিকে ভ্রাক্ষেপ না করা (بالدعوة، وعدم الالتفات إلى المعارضين

আল্লাহ তা'আলা বলেন:

(فَاصِدْعُ بِمَا تُؤْمَرُ وَأَعْرِضْ عَنِ الْمُشْرِكِينَ (94) إِنَّا كَفَيْنَاكَ الْمُسْتَهْزِئِينَ (95) الَّذِينَ يَجْعَلُونَ مَعَ اللَّهِ إِلَهًا آخَرَ فَسَوْفَ يَعْلَمُونَ (96)) ... [الحجر: 94 _ 96]

'সুতরাং তোমাকে যে আদেশ দেয়া হয়েছে, তা ব্যাপকভাবে প্রচার কর এবং মুশরিকদের থেকে মুখ ফিরিয়ে নাও। (৯৪) নিশ্চয় আমি তোমার জন্য উপহাসকারীদের বিপক্ষে যথেষ্ট। (৯৫) যারা আল্লাহর সাথে অন্য ইলাহ নির্ধারণ করে। অতএব, তারা অচিরেই জানতে পারবে'(সূরা আল-হিজর: ৯৪-৯৬)। আল্লাহ তা'আলা আরও বলেন:

(يَاأَيُّهَا الرَّسُولُ بَلِّغْ مَا أُنْزِلَ إِلَيْكَ مِنْ رَبِّكَ وَإِنْ لَمْ تَفْعَلْ فَمَا بَلَّغْتَ رِسَالَتَهُ وَاللَّهُ يَعْصِمُكَ مِنَ النَّاسِ إِنَّ اللَّهَ لَا يَهْدي الْقَوْمَ الْكَافِرِينَ (67)) [المائدة: 67]

'হে রাসূল! তোমার রবের পক্ষ হতে তোমার নিকট যা নাযিল করা হয়েছে, তা পৌঁছে দাও এবং যদি তুমি না কর, তবে তুমি তাঁর রিসালাত পৌঁছালে না। আর আল্লাহ তোমাকে মানুষ থেকে রক্ষা করবেন। নিশ্চয় আল্লাহ কাফের সম্প্রদায়কে হেদায়াত করেন না' (সূরা আল-মায়েদা: ৬৭)। আল্লাহ তা'আলা আরও বলেন:

.[87] [القصص: 87] [القصص: 87] 'আর আল্লাহর আয়াতসমূহ তোমার প্রতি অবতীর্ণ হওয়ার পর তারা যেন তোমাকে তা থেকে বিরত রাখতে না পারে, তোমার রবের দিকে তুমি আহবান কর এবং তুমি মুশরিকদের অন্তর্ভুক্ত হয়ো না' (সূরা আল-কাছাছ: ৮৭)। আল্লাহ তা'আলা আরও বলেন:

(فَلَا تُطِعِ الْكَافِرِينَ وَجَاهِدْهُمْ بِهِ جِهَادًا كَبِيرًا (52)) ... [الفرقان: 52]

'সুতরাং তুমি কাফেরদের আনুগত্য করো না এবং তুমি কুরআনের সাহায্যে তাদের বিরুদ্ধে কঠোর সংগ্রাম কর' (সূরা আল-ফুররুন: ৫২)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9352

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন